বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১**

ফোন : ০২২২৩৩৮৩৬৩৭
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩২
০২২২৩৩৮০০৩১-৩৫/২২৭৫
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েব : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(অংশ-০৪)/২০২২-২০২৩/২৩৮৩ তারিখ: ০৯.০১.২০২৩ খ্রি.

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।

**বিষয়: বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতি প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের কার্যালয়ের ২৮.১২.২০২২ খ্রি. তারিখের পত্র নং ১৭৮৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রের মাধ্যমে প্রেরিত বিকেবি, মাঝিগাছা বাজার শাখা, চাঁদপুর এর কর্মকর্তা জনাব অমর কৃষ্ণ রবিদাস (এ-৭৬৬৪) এর আবেদন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে শিশু পুত্রের উন্নত চিকিৎসার জন্য কর্তৃপক্ষ তাঁকে নিম্ন বর্ণিত শর্তাবলিতে ১১.০১.২০২৩ হতে ৩১.০১.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২১ (একুশ) দিন বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ সদয় অনুমোদন প্রদান করেছেন।

**শর্তাবলি**

(ক) আবেদনে উল্লিখিত দেশ (ভারত) ও উদ্দেশ্য ব্যতীত অন্য কোন দেশ ও উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না;
(খ) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ কৃষি ব্যাংক বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
(গ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ছুটি মঞ্জুরিসহ ছাড়পত্র গ্রহণ করতে হবে;
(ঘ) ১১.০১.২০২৩ হতে ৩১.০১.২০২৩ খ্রি. পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২১ (একুশ) দিন (যাতায়াতসহ) বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ করবেন;
(ঙ) বাংলাদেশ সার্ভিস রুলস এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক অন্য কোন বিশেষ আদেশ না থাকলে ছুটি মঞ্জুরির তারিখের ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি আরম্ভ করতে হবে;
(চ) ভ্রমণের মেয়াদান্তে যথা সময়ে প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন, উক্ত ছুটির অতিরিক্ত কোন ছুটি ভোগ করতে পারবেন না;
(ছ) ভ্রমণ সঙ্গী ১. জনাব রিনা রানী দাস (স্ত্রী), ২. জনাব পুরুষোত্তম রবিদাস (পুত্র), ৩. জনাব প্রথমা রবিদাস (কন্যা) এবং
(জ) বহিঃবাংলাদেশ ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা কে অবহিত করতে হবে।

০৩। জনাব অমর কৃষ্ণ রবিদাস (এ-৭৬৬৪) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ সংক্রান্ত ছুটিকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে বিকেবি, মাঝিগাছা বাজার শাখা, চাঁদপুর এর ঊর্ধ্বতন কর্মকর্তা জনাব সুজিত রঞ্জন রায় (এস-৩৬১৪) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তার রুটিন দায়িত্ব পালন করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(ফেরদৌস আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(অংশ-০৪)/২০২২-২০২৩/২৩৮৩(২৫) তারিখ: ০৯.০১.২০২৩ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৪. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/সকল স্থল বন্দর, বাংলাদেশ।
০৫. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে জনাব অমর কৃষ্ণ রবিদাস (এ-৭৬৬৪) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬. মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।
০৭. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।
০৮. ব্যবস্থাপক, বিকেবি, মাঝিগাছা বাজার শাখা, চাঁদপুর।
০৯. জনাব সুজিত রঞ্জন রায় (এস-৩৬১৪), ঊর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, মাঝিগাছা বাজার শাখা, চাঁদপুর।
১০. জনাব অমর কৃষ্ণ রবিদাস (এ-৭৬৬৪), কর্মকর্তা, বিকেবি, মাঝিগাছা বাজার শাখা, চাঁদপুর।
১১. নথি/মহানথি।

09.01.2023

(মোঃ আল জাবির)
ঊর্ধ্বতন কর্মকর্তা